তারিখ ···· 07 MAY 2016
পৃষ্ঠা ····· কলাম ·····

সংবাদ

# বাংলাদেশে গার্লস ইন আইসিটি ডে উদযাপন

বিভিন্ন আইসিটি প্রতিষ্ঠান সরেজমিনে 'ঘুরে দেখার অভিজ্ঞতা বিনিময়, তথ্যপ্রযুক্তি খাতে আইসিটি এবং আইসিটি ছাড়া অন্যান্য বিষয়ের শিক্ষার্থী ও স্নাতকদের সুযোগ ও সম্ভাবনা নিয়ে মতবিনিময়, বরেন্য শিক্ষাবিদ ও অগ্রণী নারী আইসিটি নেতৃত্বের সঙ্গে এবং শুধু মেয়েদের জন্য আয়োজিত অনলাইন প্রোগ্রামিং প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কৃত করার মাধ্যমে ৩০ এপ্রিল শেষ হয়েছে বাংলাদেশে আন্তর্জাতিক গার্লস ইন আইসিটি ডে কার্যক্রম। ঢাকার এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ে চাকরি ডট কমের সহযোগিতায় আয়োজিত দুই দিনব্যাপী ক্যারিয়ার মেলার শেষে আয়োজিত সমাপনী অনুষ্ঠানে বক্তারা মেয়েদের নিজ নিজ দক্ষতা প্রমাণে এগিয়ে আসার আহবান জানান। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বুয়েটের অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ শিক্ষার্থীদের বিশ্বমানের হিসেবে নিজেদের গড়ে তোলার পরামর্শ দেন। একই সঙ্গে তিনি বিশ্বের প্রথম মহিলা প্রোগ্রামার অ্যাডা লাভলেসের কথা তুলে ধরে মেয়েদেরকে আইসিটিতে বিশেষভাবে এগিয়ে আসার আহবান জানান। বাংলাদেশ ওম্যান ইন আইটির প্রেসিডেন্ট লুনা সামসুদ্দোহা মেয়েদের আইসিটির চ্যালেঞ্জ গ্রহণের আহবান জানানোর পাশাপাশি কর্মক্ষেত্রে সমানভাবে এগিয়ে যাওয়ার প্রেরণা দেন। নিজের সাফল্যের কথা তুলে ধরে তিনি জানান চেষ্টা করলেই মেয়েরা তাদের যোগ্যতার স্বাক্ষর রাখতে পারে। এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী শিক্ষার্থীদের জন্য জন্য ক্যারিয়ার কাউন্সেলিং কার্যক্রম বাড়ানোর উপর জোর দেন এবং মেয়েদের শিক্ষার পাশাপাশি কর্মক্ষেত্রেও সরব হওয়ার জন্য বলেন। সমাপনী অনুষ্ঠানে গার্লস ইন আইসিটি উপলক্ষে আয়োজিত অনলাইন প্রোগ্রামিং প্রতিযোগিতার ১৫ জন বিজয়ীকে পুরস্কৃত করা হয়।



এর আগে দিনভর তথ্যপ্রযুক্তি খাতে আইসিটি ছাড়া অন্যান্য শিক্ষার্থীদের কাজের সুযোগ এবং বৈশ্বিক ও স্থানীয় বাজারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুযোগ, সম্ভাবনা ও দক্ষতা সম্পর্কে আলোচনা করা হয়। সেমিনার সমূহে উপস্থিত ছিলেন আমরা টেকনোলোজিস এর বিপণন প্রধান সোলাইমান সুখন, উইনমিল ইনফোটেকের প্রধান নির্বাহী বুশরা আলম, গ্রামীণফোনের স্পেশালিস্ট কানিজ ফাতেমা, উইন ইনকোর্পেরেটর প্রধান নির্বাহী কাশফিয়া আহমেদ, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব কল সেন্টার এন্ড আউটসোর্সিং এর সাধারণ সম্পাদক তৌহিদ হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ও বিডিওএসএন সহ-সভাপতি লাফিফা জামাল, গ্রাফিক পিপলের মেধা ব্যবস্থাপনার সমন্বয়ক মাহেনাজ চৌধুরী ও এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক বিলকিস জামান।

একই দিন সকালে রংপুরের কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজে অনুষ্ঠিত হয় গার্লস ইন আইসিটি কার্যক্রমের রংপুর বিভাগীয় দ্বিতীয় আয়োজন। প্রায় তিন শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে আইসিটির সুযোগ, সম্ভাবনা নিয়ে আলোচনা শেষে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের কলেজ কো-অরডিনেটর নাহেদ ফরিদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন সিনিয়র সহকারী শিক্ষক (আইসিটি) আবুল খায়ের। অনুষ্ঠানের সভাপতিত্ব করেছেন বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক এর সহকারী সাধারণ সম্পাদক শাহ্ মোঃ তানভীর সিদ্দিকী। গত ২১ এপ্রিল থেকে বাংলাদেশে গার্লস ইন আইসিটি কার্যক্রম শুরু হয় বলে জানান দেশে এই কার্যক্রমের সমন্বয়ক কানিজ ফাতেমা। ২১ তারিখে কেবল মেয়েদের জন্য একটি অনলাইন প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আইসিটি ওপেন হাউস ডে'র আওতায় শতাধিক মেয়ে বোর্ডিং ভিস্তা, ইউওয়াই সিস্টেমস, ডিনেট, গ্রাফিক পিপল, ডিজিকন টেকনোলজিস, গ্রামীণফোন, 'ব্র্যাক আইটি সার্ভিসেস, মাইক্রোসফট ও স্যামসাং রিসার্স ইনস্টিটিউট পরিদর্শনের সুযোগ পায়। সমাপনী অনুষ্ঠানে পরিদর্শনকারীদের মধ্যে কয়েকজন তাদের অভিজ্ঞতা তুলে ধরেন।

বাংলাদেশ ওম্যান ইন আইটি ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক আয়োজিত গার্লস ইন আইটি কার্যক্রমের পৃষ্ঠপোষক ছিল অনলাইন জব পোর্টাল চাকরি ডট কম, টেক শহর ডট কম এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক। সহযোগিতা করেছে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়, ইন্টারনেট সোসাইটি বাংলাদেশ ঢাকা চ্যাপ্টার, ফ্রিল্যান্স আইটি একাডেমি, দিনাজপুর আইটি একাডেমি ও রংপুর রেভম ডটস। সংবাদ বিজ্ঞপ্তি।